# Visit of Minister of State for External Affairs Smt. Meenakashi Lekhi to Norway, Iceland and Malta (August 16-23, 2022)

August 10, 2022

# বিদেশ প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাক্ষী লেখির নরওয়ে, আইসল্যান্ড এবং মাল্টা সফর( অগাষ্ট 16-23, 2022)

অগাষ্ট 10, 2022

বিদেশ এবং সংস্কৃতি প্রতিমন্ত্রী (এমওএস) শ্রীমতী মীনাক্ষী লেখি একটি সরকারি সফরে 16-18 অগাষ্ট নরওয়েতে, 19-20 অগাষ্ট আইসল্যান্ডে এবং 21-23শে অগাষ্ট মাল্টা ভ্রমণ করবেন।

ওসলোতে তার সফরকালে প্রতিমন্ত্রী নরওয়ের বিদেশমন্ত্রী শ্রীমতি আনিকেন হুইটফেল্ডট-এর সাথে সাক্ষাৎ করবেন। তিনি আরেন্ডালে নরওয়ের জলবায়ু ও পরিবেশ মন্ত্রী শ্রীযুক্ত এস্পেন বার্থ এইডের সাথে একযোগে ভারত-নরওয়ে গ্রীন এনার্জি সহযোগিতার উপরে একটি প্যানেল ডিসকাশনেও অংশগ্রহণ করবেন।

রেকজাভিকে, প্রতিমন্ত্রীর বিদেশমন্ত্রী শ্রীমতী থরদিস কোলব্রান গিলফাডিত্তির ও সেইসাথে সংস্কৃতি ও বাণিজ্য বিষয়ক মন্ত্রী শ্রীমতী লিলজা আলগ্রেডাসডত্তির সাথে আলোচনা রয়েছে। তিনি সংসদের স্পিকার শ্রীযুক্ত বার্জির আরমানসনের সাথেও সৌজন্য সাক্ষাৎ করবেন।

ভালেত্তাতে, প্রতিমন্ত্রী মালটার প্রেসসিদেন্ট ডঃ জর্জ ভেল্লার সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন এবং বিদেশ ও ইউরোপিয় বিষয়ক এবং বাণিজ্য মন্ত্রী ডঃ ইয়ান বর্গের সাথে আলোচনায় অংশ নেবেন। তিনি পর্যটন মন্ত্রী সেইসাথে জাতীয় ঐতিহ্য, শিল্প এবং স্থানীয় সরকারের মন্ত্রীর সাথেও সাক্ষাৎ করবেন।

দ্বিপাক্ষিক বৈঠকগুলির অতিরিক্ত, প্রতিমন্ত্রী ভারতীয় অভিবাসীদের একাংশের সাথে আলাপআলোচনা করবেন এবং তিনটি দেশে 'আজাদি কা অমৃৎ মহোৎসব' উদযাপনের অঙ্গ হিসেবে সংস্কৃতিক/ যোগা অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

প্রতিমন্ত্রীর সফর উচ্চপর্যায়ের আদানপ্রদানের ক্ষেত্রে আরও গতি সঞ্চার করবে এবং এই তিন দেশের সাথে দ্বিপাক্ষিক এবং বহুপাক্ষিক ফোরামে সহযোগিতাকে শক্তিশালী করার একটি সুযোগ করে দেবে।

নিউ দিল্লি
অগাষ্ট 10, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.